গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

প্রশাসন শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আজিজুল ইসলাম<br>অতিরিক্ত মহাপরিচালক |
| সভার তারিখ | ২২ ডিসেম্বর, ২০২২ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব সহকারী পরিচালক (প্রশাসন)-কে আলোচ্যসূচি অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। অত:পর সহকারী পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপন করেন।

১.০ আলোচ্য বিষয় : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ পর্যবেক্ষণ।

১.১ আলোচনা: সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ২৯ নভেম্বর ২০২২, সকাল ১১.৩০ ঘটিকায় অধিদপ্তরের সিটিজেন চার্টার-এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

(ক) অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশের ক্রমিক ২.১(১৫)-এ সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জনের মতামত এবং প্রতিষ্ঠানটিতে পুরো কেন্দ্রের কাভারেজসহ নাইটভিশন সিসি ক্যামেরা আছে কিনা? তা অন্তর্ভূক্ত করতে হবে।

(খ) অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশের ক্রমিক ২.১(৩৭)-এ আবেদনকারী ব্যক্তি ও প্রতিষ্ঠান সম্পর্কে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এর কপি অন্তর্ভূক্ত করতে হবে।

(গ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) অংশে অধিদপ্তরের আপীল কর্মকর্তা হবেন সুরক্ষা সেবা বিভাগের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা।

(ঘ) নাগরিক সেবা এবং প্রাতিষ্ঠানিক সেবা অংশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম অন্তর্ভূক্ত করতে হবে।

(ঙ) ত্রৈমাসিক ভিত্তিতে অধিদপ্তরের স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রমাণক হিসাবে সংরক্ষণ করতে হবে।

১.২ অদ্যকার সভায় বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত হয় যে,

(ক) অধিদপ্তরের সিটিজেন চার্টার-এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে কী'না তা তাৎক্ষণিক যাচাই করার জন্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রবেশ করে দেখা যায় ইতোপূর্বে হালনাগাদকরণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে।

(খ) অধিদপ্তরের স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রমাণক হিসাবে সংরক্ষণ করা হয়েছে কি'না তা সহকারী পরিচালক

(প্রশাসন) যাচাই করবেন।

২.০। আলোচ্য বিষয় : সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা।

২.১ আলোচনা: সহকারী পরিচালক (প্রশাসন)-কে সভাকে অবহিত করেন যে, ০৮ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের সভা অনুষ্ঠিত হয়। সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সংশ্লিষ্ট নিম্নরূপ মতামত/পর্যালোচনা উপস্থাপিত হয়েছিল:

ক. সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রথম পৃষ্ঠার প্রয়োজন নাই;

খ. লেখার সব ফন্ট একইরকম করতে হবে, লেখার এলাইন্টমেন্ট সঠিক রাখা প্রয়োজন;

গ. আওতাধীন অফিসসমূহের সেবাসমূহ লিংক করে দিতে হবে;

ঘ. জিআরএস অংশ সঠিক করা প্রয়োজন;

ঙ. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম উল্লেখ করা প্রয়োজন।

২.২ সভায় বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়: :

ক. সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রথম পৃষ্ঠা বাদ দিয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা ২০১৭ এর আদলে সন্নিবেশ করতে হবে;

খ. লেখার সব ফন্ট একইরকম করতে হবে, লেখার এলাইন্টমেন্ট সঠিক হয়েছে কী'না তা যাচাই করতে হবে;

গ. আওতাধীন অফিসসমূহের সেবাসমূহ লিংক করে দেয়া হয়েছে কী'না তা যাচাই করতে হবে;

ঘ. জিআরএস অংশ সঠিক করা হয়েছে কী'না তা যাচাই করতে হবে;

ঙ. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম উল্লেখ করা হয়েছে কী'না তা যাচাই করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আজিজুল ইসলাম
অতিরিক্ত মহাপরিচালক

স্মারক নম্বর: ৪৪.০৪.০০০০.০০৫.১৪.০০১.১৮.৩৭৬

তারিখ: ১১ পৌষ ১৪২৯
২৬ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ [দৃ:আ: অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ)]।

২) পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।

৩) প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।

৪) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/, রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।

৫) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

৭) সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

৮) উপপরিচালক (..........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো, কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,..........................................।

৯) সহকারী পরিচালক (..........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো , কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন..........................।

১০) সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১১) স্টাফ অফিসার টু ডিজি, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী , (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩) অফিস, কপি।

মোঃ আজিজুল ইসলাম
অতিরিক্ত মহাপরিচালক